দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 30 SEP 2015 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৫...

# প্রধানমন্ত্রী দেশকে সবক্ষেত্রে এগিয়ে নিচ্ছেন: ঢাবি ভিসি

## চকরিয়ায় উন্নয়ন মেলা উদ্বোধন

■ চকরিয়া (কক্সবাজার) সংবাদদাতা

কক্সবাজারের চকরিয়ায় উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের আয়োজনে শুরু হয়েছে তিনদিনব্যাপী উন্নয়ন মেলা। বর্তমান আওয়ামী লীগ সরকারের উন্নয়ন কর্মকাণ্ডের সুফল জনগণের সামনে তুলে ধরতে সোমবার চকরিয়া বিমানবন্দরস্থ বিজয় মঞ্চের সামনের মাঠে এ মেলার আয়োজন করা হয়। প্রধান অতিথি থেকে মেলাটির উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। পরে সুধী সমাবেশে আরেফিন সিদ্দিক বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা কঠোর পরিশ্রমের মাধ্যমে বাংলাদেশকে সবক্ষেত্রে এগিয়ে নিয়ে যাচ্ছেন। বাঙালি জাতিকে একটি আত্মনির্ভরশীল জাতি হিসাবে গড়ে তুলতে বর্তমান সরকার নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে।

চকরিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সাহেদুল ইসলামের সভাপতিত্বে সুধী সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন কক্সবাজার জেলা আওয়ামী লীগ নেতা মো. নুরুল আবছার, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) আহমদ হোছাইন ভুঁইয়া, চকরিয়া থানার ওসি প্রভাষ চন্দ্র ধর, উপজেলা আওয়ামী লীগ নেতা গিয়াস উদ্দিন চৌধুরী, চকরিয়া বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ একেএম গিয়াস উদ্দিন প্রমুখ।